

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.১০০.৩৮.০১৪.১৬. ৮৫

তারিখঃ ১৬/০৬/২০১৭খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়  
খাদ্য ভবন, ঢাকা।

বিষয়ঃ খাদ্য অধিদপ্তরের অধীন আখানি, জেখানি, সাইলো ও সিএসডি দপ্তরসমূহে কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়ের ব্যয় নির্বাহের লক্ষ্যে আর্থিক মঞ্জুরী প্রদান।

মহোদয়,

খাদ্য অধিদপ্তরের অধীন আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সাইলো অধীক্ষক, জেলা খাদ্য নিয়ন্ত্রক এবং সিএসডি কার্যালয় সমূহে ০১টি করে ইউপিএসসহ ডেস্কটপ কম্পিউটার, প্রিন্টার ও স্ক্যানার ক্রয়ের জন্য ২৮/০৫/২০১৭ তারিখের ১৩.০১.০০০০.১০০.৩৮.০১৪.১৬-৭৮ নং স্মারকে প্রশাসনিক অনুমোদন দেয়া হয়। তৎপ্রেক্ষিতে, বেশ কয়েকটি কার্যালয় উক্ত নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণকরতঃ অর্থ মঞ্জুরীর জন্য আবেদন করেছেন। মহাপরিচালক মহোদয় নিম্নবর্ণিত কার্যালয়সমূহের অনুকূলে পার্শ্বে উল্লিখিত পরিমান টাকার আর্থিক মঞ্জুরীর অনুমোদন প্রদান করিয়াছেন।


ক্রঃ নং	স্থাপনা/দপ্তরের নাম	মঞ্জুরীকৃত অর্থের পরিমান
১	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা	৯৫,০০০.০০ (পাঁচানব্বই হাজার) টাকা
২	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম	৯৪,৫০০.০০ (চুরানব্বই হাজার পাঁচশত) টাকা
৩	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, রংপুর	৯৪,৮৭৯.০০ (চুরানব্বই হাজার আটশত উনআশি) টাকা
৪	জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা	৯৫,০০০.০০ (পাঁচানব্বই হাজার) টাকা
৫	জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, গাজীপুর	৯৪,৯০০.০০ (চুরানব্বই হাজার নয়শত) টাকা
৬	জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ব্রাহ্মণবাড়ীয়া	৯৪,৮০০.০০ (চুরানব্বই হাজার আটশত) টাকা
৭	জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চাঁদপুর	৯৪,৮৫০.০০ (চুরানব্বই হাজার আটশত পঁঞ্চাশ) টাকা
৮	জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, লক্ষ্মীপুর	৯৪,৯০০.০০ (চুরানব্বই হাজার নয়শত) টাকা
৯	জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সিরাজগঞ্জ	৯৪,৮০০.০০ (চুরানব্বই হাজার আটশত) টাকা
১০	জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, বগুড়া	৯৪,৮০০.০০ (চুরানব্বই হাজার আটশত) টাকা
১১	জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, গাইবান্ধা	৯৪,৯০০.০০ (চুরানব্বই হাজার নয়শত) টাকা
১২	জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ঝিনাইদহ	৯৪,৭০০.০০ (চুরানব্বই হাজার সাতশত) টাকা
১৩	জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, মাগুরা	৯৪,৯০০.০০ (চুরানব্বই হাজার নয়শত) টাকা
১৪	জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, বাগেরহাট	৯৪,৫০০.০০ (চুরানব্বই হাজার পাঁচশত) টাকা
১৫	জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, পটুয়াখালী	৯৫,০০০.০০ (পাঁচানব্বই হাজার) টাকা
১৬	আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়ীয়া	৯৪,৮০০.০০ (চুরানব্বই হাজার আটশত) টাকা
১৭	চাঁদপুর সিএসডি, চাঁদপুর	৯৪,৮৫০.০০ (চুরানব্বই হাজার আটশত পঁঞ্চাশ) টাকা
সর্বমোট =		১৬,১২,০৭৯.০০ (ষোল লাখ বারো হাজার উনআশি) টাকা

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৬/০৮/২০১৫ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৩৫১(১) নং স্মারকে প্রদত্ত ক্ষমতা বলে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের প্রেক্ষিতে উল্লিখিত কার্যালয় সমূহের নামের পার্শ্বে বর্ণিত টাকার আর্থিক মঞ্জুরী প্রদান করা হলো।

চলমান পাতা-২

উক্ত টাকা চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের আর্থিক কোড-৩/৪৮৩১/০০০১/৬৮১৫ কম্পিউটার ও যন্ত্রাংশ খাত হতে মিটানো হবে। মঞ্জুরীকৃত টাকার আর্থিক বরাদ্দপত্র পরিচালক, হিসাব ও অর্থ জরী করবেন। উক্ত মঞ্জুরীকৃত টাকা সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ আয়ন-ব্যয়ন করবেন। সংশ্লিষ্ট দপ্তর প্রধান (ডিডিও) সরকারি প্রচলিত বিধি বিধান যথাযথভাবে অনুসরণ পূর্বক ব্যয় নির্বাহ করবেন। এতদসংক্রান্ত যাবতীয় বিল ভাউচার ও রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করবেন।

এতে মহাপরিচালক এর অনুমোদন রয়েছে।

  
২০/০৬/১৭  
(মঞ্জুর আলম)

সিস্টেম এনালিস্ট

ফোনঃ ০২-৪৭১১০৬৯৮

sys@dgfood.gov.bd


তারিখঃ ২৬/০৬/২০১৭খ্রিঃ

স্মারক নং-১৩.০১.০০০০.১০০.৩৮.০১৪.১৬.

৮৫/২(৩)

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
  - ২। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিষয়টি জরুরী বিবেচনা করে বরাদ্দপত্র জারীর জন্য অনুরোধ করা হলো।
  - ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর।
  - ৪। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, .....
  - ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক,.....।
  - ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,.....।
- ✓ প। অফিস কপি।

  
২০/০৬/১৭  
(মঞ্জুর আলম)

সিস্টেম এনালিস্ট